

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর  
২৮, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণি  
Web. [www.dlrs.gov.bd](http://www.dlrs.gov.bd)

২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক (জুলাই ১৯ - ডিসেম্বর ১৯) প্রতিবেদন মূল্যায়ন, পর্যালোচনা ও  
ফিডব্যাক প্রদান সংক্রান্ত এপিএ টিমের সভার কার্যবিবরণী

সভার তারিখ ও সময়	:	২৪-০১-২০২০ তারিখ সকাল ১১ঃ০০টা
সভার স্থান	:	পরিচালক (প্রশাসন) এর অফিস কক্ষ
সভাপতি	:	জনাব মোঃ আনিছুল্লাহমান, পরিচালক(প্রশাসন)

সভায় উপস্থিত সদস্যবৃন্দ

১. জনাব আবি আবদুল্লাহ, উপ-পরিচালক (প্রশাসন)	সদস্য
২. জনাব মোঃ আফজালুর রহমান, উপ-পরিচালক (জরিপ)	সদস্য
৩. জনাব মহঃ মনিরুজ্জামান, সেটেলমেন্ট অপারেশন-১	সদস্য
৪. জনাব মোঃ সাইফুল ইসলাম, প্রেস অফিসার, সেটেলমেন্ট প্রেস।	সদস্য
৫. জনাব আলীম আখতার খান, উপ-পরিচালক (অর্থ ও বাজেট)	সদস্য/ ফেকাল পয়েন্ট

সভাপতি কর্তৃক সভায় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। অতঃপর সভাপতির অনুরোধে  
ফেকাল পয়েন্ট কর্মকর্তা আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ পরিচালনা করেন।

১. আলোচ্যসূচীঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৯-২০ এর অর্ধবার্ষিক মূল্যায়ন

১.ক. সাধারণ কৌশলগত উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রা

১.ক.১ অধিদপ্তরের সংশ্লিষ্ট শাখা ও অফিস হতে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৯-২০ এর বিভিন্ন বিষয় ও সূচকের লক্ষ্যমাত্রার বিপরীতে  
প্রাপ্ত অর্জনসমূহের ভিত্তিতে অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন সদস্যদের বিবেচনার জন্য উপস্থাপন করা হয়।  
এতে দেখা যায় যে সাধারণ কৌশলগত উদ্দেশ্য ও লক্ষ্যমাত্রার মোট ৬৫ নম্বরের বিপরীতে অধিদপ্তরের মোট প্রাপ্ত নম্বর ৩৮.১২(পরিশিষ্ট-  
ক তে প্রদর্শিত) অর্থাৎ শতকরা প্রায় ৫৯ ভাগ। অর্ধ-বার্ষিক এ অর্জনের হার গ্রহণযোগ্য ও সন্তোষজনক।

১.ক.২ অর্ধ-বার্ষিক প্রতিবেদনের ভিত্তিতে মূল্যায়ন সন্তোষজনক হলেও ১.১.১, ১.১.২, ১.৩.১১.৩.২, ১.৫.৩, ২.২.১ সূচকসমূহের  
বিপরীতে প্রকৃত অর্জন লক্ষ্যমাত্রার তুলনায় পিছিয়ে রয়েছে। ১.৫.৩ সূচকের বিষয়ে উপ-পরিচালক(জরিপ) জানান যে, সীমান্ত পিলার  
রক্ষণাবেক্ষনের কাজ যৌথ-সীমান্ত সম্মেলনের অনুসরণে নির্ধারণ করা হয়। এ বছরের যৌথ সীমান্ত সম্মেলন ডিসেম্বর-১৯ মাসে অনুষ্ঠিত  
হয়েছে এবং বর্তমানে যৌথ পরিদর্শনের সিদ্ধান্তের ভিত্তিতে পিলার রক্ষণাবেক্ষনের কাজ সুনির্দিষ্ট ও চিহ্নিত করা হচ্ছে। ইতোমধ্যে  
চার্জ অফিসার পর্যায়ে যৌথ পরিদর্শন সমাপ্ত হয়েছে। অচিরেই সীমান্ত পিলার রক্ষণাবেক্ষণের কাজ আরম্ভ হবে। বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জন  
সম্ভব হবে বলে দৃঢ়ভাবে আশা করা যায়। অপরাপর উপ-পরিচালকগণও বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জনে তৎপর হওয়ার প্রতিশ্রুতি দেন।

১. খ. আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ :

আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের বিপরীতে ২৫ নম্বরের মধ্যে অধিদপ্তরের প্রাপ্ত নম্বর ১৫.৩, শতকরা হিসেবে যা ৬১ ভাগ। শতকরা হিসেবে এ অর্জন সন্তোষজনক হলেও অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন যথাসময়ে প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ করা হয়নি দেখা যায়। উপ-পরিচালক (প্রশাসন)কে বিলম্বে হলেও আগামী ০১ (এক) মাসের মধ্যে বার্ষিক প্রতিবেদন প্রণয়নের উদ্যোগ গ্রহণের পরামর্শ দেয় হলো।

২. ফিডব্যাক

অর্ধ-বার্ষিক প্রতিবেদন সার্বিক মূল্যায়নে অধিদপ্তরের প্রাপ্ত নম্বর-১০০ এর মধ্যে ৫৩.৩ যা সন্তোষজনক, এ ধারা অব্যাহত রাখতে হবে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সকল সূচকে চূড়ান্ত লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট অধিশাখা ও শাখাসমূহকে অধিকতর যত্নবান হওয়ার ও বাস্তবায়নের কার্যকর উদ্যোগ গ্রহণের পরামর্শ দেয়া গেল। প্রয়োজনীয় ক্ষেত্রে সংশ্লিষ্ট সহকর্মীদের সাথে বসে লক্ষ্যমাত্রা অর্জনে করণীয় ও কৌশল নির্ধারণ করে তৎপর হতে পরামর্শ দেয়া হলো।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে অধ্যকার সভা সমাপ্ত করা হলো।


স্বাক্ষরিত/-  
মোঃ আনিছুল্জামান  
পরিচালক(প্রশাসন)  
ও  
টীম লিডার

স্মারক নং-৩১.০৩.০০০০.০০২.১৮.০৩৮.১৯-২৩

তারিখঃ-২৬/০১/২০২০ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

- ১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [দৃঃআঃ অতিঃ সচিব (উন্নয়ন) ও টিম লিডার, এপিএ ২০১৯-২০]
- ২। পরিচালক (ভূমি রেকর্ড/জরিপ)
- ৩। উপ-পরিচালক (প্রশাসন/সেঃ অপাঃ-১/অর্থ ও বাজেট/জরিপ)
- ৪। জোনাল সেটেলমেন্ট অফিসার (সকল/দিয়ারা সেটেলমেন্ট অফিসার)
- ৫। চার্জ অফিসার (সীমানা-১/আন্তর্জাতিক সীমান্ত)
- ৬। প্রেস অফিসার, সেটেলমেন্ট প্রেস।
- ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী।
- ৮। অফিস নথি।

  
মোহাম্মদ আলীম আখতার খান  
উপ-পরিচালক (অর্থ ও বাজেট)  
ফোনঃ ৯১২৫৫৯৯  
ও  
ফোকাল পয়েন্ট  
এপিএ ২০১৯-২০  
ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর